# প্রতি উপজেলায় ৭ হাজার পরিবার পাবে ফ্যামিলি কার্ড: প্রধানমন্ত্রী



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

আগামী এক বছরের মধ্যে দেশের ৪১ লাখ পরিবারের হাতে ফ্যামিলি কার্ড পৌঁছে দেওয়া হবে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। সোমবার (১৩ জুলাই) বরিশালের গৌরনদীর বাটাজোরে আয়োজিত ফ্যামিলি কার্ড বিতরণ অনুষ্ঠানে তিনি এ তথ্য জানান।

প্রধানমন্ত্রী বলেন, চলতি অর্থবছরের বাজেটে ফ্যামিলি কার্ড কর্মসূচির জন্য পর্যাপ্ত বরাদ্দ রাখা হয়েছে। সরকারের লক্ষ্য আগামী পাঁচ বছরের মধ্যে নির্ধারিত সব পরিবারকে এই সুবিধার আওতায় নিয়ে আসা।

তিনি জানান, দেশের প্রতিটি উপজেলায় সাত হাজার পরিবারকে ফ্যামিলি কার্ড দেওয়া হবে। পাশাপাশি দেশকে উন্নয়ন ও অগ্রগতির ধারায় এগিয়ে নিতে সবার সহযোগিতার প্রয়োজন রয়েছে বলেও উল্লেখ করেন তিনি।

তারেক রহমান বলেন, ফ্যামিলি কার্ড কর্মসূচি সমাজে ইতিবাচক পরিবর্তন আনতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। একই সঙ্গে নারীদের শিক্ষা ও অর্থনৈতিক স্বাবলম্বিতা নিশ্চিত করতে সরকার কাজ করছে। এ লক্ষ্যে নারীদের জন্য অনার্স পর্যায় পর্যন্ত বিনা বেতনে শিক্ষার সুযোগ এবং মেধাবী শিক্ষার্থীদের জন্য বৃত্তির ব্যবস্থা করা হবে বলে জানান তিনি।

অনুষ্ঠানে প্রধানমন্ত্রী আরও বলেন, মানুষের কল্যাণ ও সবার ভালো থাকা নিশ্চিত করাই সরকারের মূল লক্ষ্য। ভেদাভেদ নয়, মানবিকতার ভিত্তিতে সব ধর্মের মানুষের অংশগ্রহণে দেশকে এগিয়ে নিতে চায় সরকার। জনগণের সমর্থন ও সহযোগিতা থাকলে কোনো বাধাই সরকারের অগ্রযাত্রাকে থামিয়ে রাখতে পারবে না বলেও মন্তব্য করেন তিনি।